মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

বিজ্ঞপ্তি

নং- বিদ্যালয়-১/সাধারণ/ ৪০৬৫ তারিখ : ২৭/১২/২০১৫

বিষয় : **৩০ ডিসেম্বর ২০১৫ তারিখ বুধবার সারাদেশের ২৩৪টি পৌরসভা নির্বাচনের ভোটগ্রহণের সময় নির্বাচন আচরণ বিধি যথাযথ প্রতিপালন প্রসঙ্গে।**

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের ১৪/১২/২০১৫ তারিখের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭১.০৯.০০৪.১২-১০২৩।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, ৩০ ডিসেম্বর ২০১৫ তারিখ বুধবার সারাদেশের ২৩৪টি পৌরসভা নির্বাচনের ভোটগ্রহণের সময় নির্বাচন আচরণ বিধি যথাযথ প্রতিপালন করতে হবে। পৌরসভা (নির্বাচন আচরণ) বিধিমালা, ২০১৫ (পরিশিষ্ট-খ)-এর বিধি ২৪ অনুযায়ী কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থী কোন শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালনা পর্যদে সভাপতি বা সদস্য হিসেবে নির্বাচিত বা মনোনীত হয়ে থাকলে নির্বাচনি তফসিল ঘোষণার তারিখ হতে নির্বাচনের ফলাফল সরকারি গেজেটে প্রকাশের তারিখ পর্যন্ত তিনি উক্ত শিক্ষা প্রতিষ্ঠানের কোন সভায় সভাপতিত্ব বা অংশগ্রহণ করতে পারবেন না অথবা উক্ত শিক্ষা প্রতিষ্ঠানের কোন কাজে জড়িত হবেন না। বিষয়টি যথাযথভাবে প্রতিপালনের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা দেয়া হলো।

চেয়ারম্যানের আদেশক্রমে

27.12.15

এ.টি.এম. মইনুল হোসেন
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,
ঢাকা।

প্রাপক : **অধ্যক্ষ/প্রধান শিক্ষক**
বোর্ডের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান।